কলম ২২ আগস্ট, ২০১৫ । শনিবার । ৪ ভাদ্র, ১৪২২

উৎসব অনুষ্ঠান

মার্লা ও জেনিফার-এর মনসুন মেলোডিজ

আমাদের দেশের বর্ষার সঙ্গে ইউরোপ বা মার্কিন মুলুকের বর্ষার কোনও মিল নেই। তাও বর্ষাকে অবলম্বন করে রয়েছে দুই অঞ্চলেই অগণিত রচনা। ভরা বর্ষায় কলা মন্দিরে কলকাতা ক্লাসিক ও এম.এস.কে ট্রাভেলস অ্যান্ড টুরস লিমিটেড এবং অন্যান্যদের সম্মিলিত উদ্যোগে আয়োজিত 'মনসুন মেলোডিজ' উপহার দিল দু'জন বিদেশি অতিথিকে। শিল্পীরা হলেন জেনিফার হীমস্ট্রা এবং মার্লা বার্গ। প্রথমজন পিয়ানো শিল্পী আর মার্লা কণ্ঠশিল্পী। দু'জনেই আমেরিকায় একটা সময় সংগীতের নানা বিভাগে কাজ করেছেন। এখানে তাদের নির্বাচনে যেমন ছিল ধ্রুপদী সংগীতের রচয়িতারা, তেমনই মঞ্চ ও হালকা অপেরাধর্মী কিছু মিউজিক পিসও তারা রেখেছিলেন। উল্লেখ্য, মোৎসার্ট-এর অনন্য চারটে সংখ্যার সঙ্গে ছিল দুই ফরাসী ফোরে (ম্যান্ডোলিন) ও ডেবুসি ('সে'স এক্সতাস' ও 'ইল প্ল্যর দাঁ মঁ ক্যুর')। সঙ্গে ছিল মঞ্চধর্মী ওয়েস্ট সাইড স্টোরির 'গান' (বার্নস্টাইন), 'সামারটাইম' (পোর্গি অ্যান্ড বেস: গার্সউইন), 'নাইট অ্যান্ড ডে' (কোল পর্টার), 'ওয়েদার' (হ্যারল্ড আর্লেন), 'আই কুড হ্যাভ ড্যান্সড অল নাইট' (মাই ফেয়ার লেডি: লোয়ী), 'আহ! এ ভিউ ভিভ্‌র' (রোমিও অ্যান্ড জুলিয়েট: শার্ল ফ্রাঁসোয়া গুনঁ) ইত্যাদি। এই সন্ধ্যায় শ্রোতা-দর্শকদের প্রাপ্তি কখনও মধুর বিষাদ, কখনও উদ্দীপনা, কখনও বা বিষন্নতা। এরসঙ্গেই মেলবন্ধন ঘটেছিল কৌতুক, চিত্রধর্ম ও নাটকীয়তার।

—অশোক দে

বৈচিত্রময় কামাক্ষীপ্রসাদ

শিল্পী কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায় একাধারে কবি ছোট গল্পকার, শিশু সাহিত্যিক, অনুবাদক ও আলোকচিত্রী। পারিবারিক পরিচয়ের সূত্রে তিনি দার্শনিক দেবীপ্রসাদ